দৈনিক বাংলা

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৬

45

# ইতিহাস পরিষদের রজত জয়ন্তী

২৫ বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশ ইতিহাস পরিষদ রজত জয়ন্তী উদযাপনের উদ্যোগ নিয়েছে। আগামী ২৯ জানুয়ারি থেকে এ উপলক্ষে তিন দিনের কর্মসূচী নেয়া হয়েছে। অনুষ্ঠানমালায় থাকবে জাতীয় ইতিহাস সম্মেলন, 'বাংলাদেশঃ স্বাধীনতার ২২ বছর' শীর্ষক আলোচনা, একজন ইতিহাসবিদকে সংবর্ধনা, দুই দশকের শিল্পকলা প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

বাংলা ১৩৯৮ সনে প্রকাশিত ইতিহাস বিষয়ক গ্রন্থের জন্য পুরস্কারও দেয়া হবে। এর জন্য গ্রন্থের ৩ কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনে ৩০১৪ নম্বর কক্ষে পরিষদ কার্যালয়ে জমা দিতে আগ্রহী গ্রন্থ প্রণেতাকে অনুরোধ জানানো হয়েছে।